# প্রথম ভারত-চিন চিন্তনশিবির মঞ্চ, নয়াদিল্লি

প্রথম ভারত-চিন চিন্তনশিবির মঞ্চ অনুষ্ঠিত হল নয়াদিল্লিতে, ৯-১০ ডিসেম্বর, ২০১৬। এই সম্মেলনের যৌথভাবে আয়োজন করেছিল—ইনস্টিটিউট অফ চাইনিজ স্টাডিজ, আন্তর্জাতিক বিষয় সংক্রান্ত ভারতীয় কাউন্সিল, সমাজ বিজ্ঞান বিষয়ক চিনা অ্যাকাডেমি। ২০১৫ সালের মে মাসে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদির চিন সফরের সময়ে ভারত ও চিনের পররাষ্ট্রমন্ত্রকের সমাজ বিজ্ঞান বিষয়ক অ্যাকাডেমির মধ্যে স্বাক্ষরিত মউ অনুসারে প্রতিষ্ঠিত এই মঞ্চ একটি দ্বিপাক্ষিক সম্মেলন।

‘ভারত-চিনের উন্নয়নমূলক অংশীদারিত্বের দিকে ঘনিষ্ঠভাবে অগ্রসর’— এই বিষয়ের উপর, সম্মেলনে বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়, যেমন—ভারত ও চিন দু’দেশের মধ্যে সম্পর্ক, ভারত-চিন কৌশলগত সংযোগ, অর্থনৈতিক সম্পর্ক প্রচার, মানুষে-মানুষে সহযোগিতা দৃঢ় করা এবং আঞ্চলিক অর্থনীতি এবং নিরাপত্তা কৌশল নিয়ে। এই মঞ্চে উপস্থিত ছিলেন দু’দেশের বিশিষ্ট কৌশলগত চিন্তাবিদ, অর্থনীতিবিদ, শিক্ষাবিদ এবং সমাজ বিজ্ঞানিদের একটা অংশ।

এই মঞ্চ প্রদান করে দু’দেশের মধ্যে ধারাবাহিক এবং নিয়মিত চিন্তা-ভাবনা আদানপ্রদানের একটি প্রাতিষ্ঠানিক ক্ষেত্র। এটি বিশেষ গুরুত্বপূর্ণ এবং পারস্পরিক স্বার্থজনিত বিষয়ে বিস্তারিত চিন্তা-ভাবনার সক্রিয় কাঠামো প্রদান করে এবং দু’দেশের সরকারকে গঠনমূলক উপদেশ ও পরামর্শ প্রদান করে। উভয়পক্ষ এই মঞ্চকে আরও শক্তিশালী করার বিষয়ে সহমত হন।

আলোচনা হয় প্রকৃত অর্থেই বন্ধুত্বপূর্ণ এবং খোলাখুলি পরিবেশে এবং এর অবদান ছিল দু’পক্ষে পারস্পরিক বিশ্বাস ও নিজেদের মধ্যে মতানৈক্য বৃদ্ধিতে। ভারত-চিন সম্পর্ক ২১ শতকে অন্যতম গুরুত্বপূর্ণ সম্পর্ক—অংশগ্রহণকারীদের এ-ব্যাপারে দৃষ্টিভঙ্গি ছিল সর্বসম্মত এবং জটিল আন্তর্জাতিক পরিস্থিতিতে স্থায়িত্ব আনতে এটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখবে।

দ্বিতীয় ভারত-চিন চিন্তনশিবির মঞ্চ অনুষ্ঠিত হবে ২০১৭ সালে বেজিংয়ে।

**নয়াদিল্লি**

**ডিসেম্বর ১০, ২০১৬**